# Business Squad

পরীক্ষার নাম: Accounting mega test-2

সময়: ৩০ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 50 টি | মোট নম্বর: 50 × 1 = 50

প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) নিচের কোন লেনদেনের ফলে দায় বাড়বে, একটি সম্পত্তি বাড়বে এবং একটি সম্পত্তি কমবে? (Accounting)
A). একটি সম্পত্তি ধারে ক্রয়
B). আংশিক নগদ টাকায় যন্ত্রপাতি ক্রয়
C). আসবাবপত্র ধারে ক্রয়
D). পুরানো আসবাবপত্র নগদে বিক্রয়
আপনার উত্তরঃ D). পুরানো আসবাবপত্র নগদে বিক্রয়,
সঠিক উত্তরঃ B). আংশিক নগদ টাকায় যন্ত্রপাতি ক্রয়,

2) IASC কত সালে প্রতিষ্ঠিত হয়? (Accounting)
A). ১৯৭০
B). ১৯৭১
C). ১৯৭২
D). ১৯৭৩
আপনার উত্তরঃ B). ১৯৭১,
সঠিক উত্তরঃ D). ১৯৭৩,

3) মালিকের মূলধনের সমাপ্ত জের ১০,০০০ টাকা। ঐ বৎসর মালিক ব্যবসায়ে ৩,০০০ টাকা প্রদান করে এবং ২,০০০ টাকা উত্তোলন করে। বৎসরের নিট আয়। ৪,০০০ টাকা হলে, মালিকের প্রারম্ভিক মূলধন কত ছিল? (Accounting)
A). ৮,০০০ টাকা
B). ৫,০০০ টাকা
C). ১০,০০০ টাকা
D). ১১,০০০ টাকা
আপনার উত্তরঃ B). ৫,০০০ টাকা,
সঠিক উত্তরঃ B). ৫,০০০ টাকা,

4) নিচের কোন লেনদেনের জন্য নগদ অর্থ ব্যয় হবে? (Accounting)
A). অবচয়
B). পূর্বে প্রদত্ত ভাড়া
C). অবলোপন
D). নগদ বাট্টা
আপনার উত্তরঃ B). পূর্বে প্রদত্ত ভাড়া,
সঠিক উত্তরঃ B). পূর্বে প্রদত্ত ভাড়া,

5) সঞ্চিতি তহবিলে স্থানান্তর কোন জাতীয় লেনদেন? (Accounting)
A). আন্ত: লেনদেন
B). ভবিষ্যৎ ব্যবস্থার লেনদেন
C). পুঞ্জিভূত লেনদেন
D). প্রতিরক্ষা লেনদেন
আপনার উত্তরঃ A). আন্ত: লেনদেন,
সঠিক উত্তরঃ A). আন্ত: লেনদেন,

Business Squad

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।

6) নিচের কোন কারণে মালিকানা স্বত্ব পরিবর্তন হয় না? (Accounting)

A). মালিক ব্যক্তিগত প্রয়োজনে ১,০০০ টাকা উত্তোলন করলেন

B). অতিরিক্ত মূলধন বাবদ ৫,০০০ টাকা বিনিয়োগ করা হলো

C). বাকিতে আসবাবপত্র ক্রয় করা হলো ৩,০০০ টাকা

D). বাকিতে মনিহারী দ্রব্যাদি ক্রয় করা হলো ১,০০০ টাকা

আপনার উত্তরঃ A). মালিক ব্যক্তিগত প্রয়োজনে ১,০০০ টাকা উত্তোলন করলেন,

সঠিক উত্তরঃ C). বাকিতে আসবাবপত্র ক্রয় করা হলো ৩,০০০ টাকা,

7) নিচের কোনটি রেকর্ডিং প্রক্রিয়ার অংশ নয়? (Accounting)

A). লেনদেন বিশ্লেষণ

B). লেনদেন জাবেদাভুক্তকরণ

C). খতিয়ানভুক্তকরণ

D). রেওয়ামিল প্রস্তুতকরণ

আপনার উত্তরঃ D). রেওয়ামিল প্রস্তুতকরণ,

সঠিক উত্তরঃ D). রেওয়ামিল প্রস্তুতকরণ,

8) বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় কোন হিসাবের আওতায় আসবে? (Accounting)

A). সম্পদ হিসাব

B). ব্যয় হিসাব

C). ব্যক্তিবাচক হিসাব

D). আয় হিসাব

আপনার উত্তরঃ B). ব্যয় হিসাব,

সঠিক উত্তরঃ B). ব্যয় হিসাব,

একটি ব্যবসায় প্রতিষ্ঠান ২/১০, n/৩০ শর্তে ১২,০০০ টাকার পণ্য ক্রয় করে। ২,০০০ টাকার পণ্য ফেরত দেয়া হয় এবং বাকি টাকা বাট্টাকালীন সময়ের মধ্যে পরিশোধ করা হয়।

9) বাট্টার পরিমাণ কত টাকা? (Accounting)

A). ২৪০/□

B). ২০০/□

C). ৮০০/□

D). ৩০০/□

আপনার উত্তরঃ B). ২০০/□,

সঠিক উত্তরঃ B). ২০০/□,

10) সংশোধিত জাবেদা যে বইতে লেখা হয়, তাকে □□□□ বলে। (Accounting)

A). জাবেদা

B). প্রকৃত জাবেদা

C). ক্রয় বই

D). নগদান বই

আপনার উত্তরঃ B). প্রকৃত জাবেদা,

সঠিক উত্তরঃ B). প্রকৃত জাবেদা,

Business Squad

11) মেশিন মেরামত বাবদ মজুরি প্রদান করা হলো ৫,০০০ টাকা, এ জন্য ডেবিট হবে (Accounting)

A). মেরামত হিঃ

B). অবচয় হি:

C). যন্ত্রপাতি হিঃ

D). মজুরি হি:

আপনার উত্তরঃ C). যন্ত্রপাতি হিঃ,

সঠিক উত্তরঃ A). মেরামত হিঃ,

12) কোনটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে নগদান বহি থেকে বাদ দেয়া হয় (Accounting)

A). বকেয়া চেক সমূহ

B). ব্যাংক চার্জ

C). দেনাদার কর্তৃক ব্যাংক জমা

D). কোনটিই নয়

আপনার উত্তরঃ B). ব্যাংক চার্জ,

সঠিক উত্তরঃ B). ব্যাংক চার্জ,

13) ডেবিট মেমোরেন্ডাম প্রস্তুত করেন (Accounting)

A). আমানতকারী

B). ব্যাংক

C). ক্রেতা

D). বিক্রেতা

আপনার উত্তরঃ B). ব্যাংক,

সঠিক উত্তরঃ B). ব্যাংক,

14) ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণের সময় ব্যাংকের বইয়ের জের হতে নিচের কোনটি বিয়োগ করতে হবে? (Accounting)

A). ব্যাংকের সার্ভিস চার্জ

B). ট্রানজিটে জমা

C). টাকা নাই বলে ফেরত চেকসমূহ

D). বকেয়া চেকসমূহ

আপনার উত্তরঃ D). বকেয়া চেকসমূহ,

সঠিক উত্তরঃ D). বকেয়া চেকসমূহ,

ক্যাশ বই অনুযায়ী ব্যালেন্স ৩,০০০ টাকা; ইস্যুকৃত চেক উপস্থাপিত হয়নি ১,০০০ টাকা; ব্যাংক কর্তৃক আদায়কৃত বিল ৫০০ টাকা; জমাকৃত কিন্তু অমর্যাদাকৃত চেক ২০০০ টাকা হলে ,

15) ব্যাংক বিবরণীর ব্যালেন্স কত হবে? (Accounting)

A). ১৫০০

B). ৩৫০০

C). ২৫০০

D). ৪৫০০

আপনার উত্তরঃ C). ২৫০০,

সঠিক উত্তরঃ C). ২৫০০,

Business Squad

16) একটি হিসাবের জের ৯০ টাকা যা রেওয়ামিলের ভুল পার্শ্বে দুইবার লেখা হয়েছে। অন্যান্য সবকিছু ঠিক থাকলে দুই পার্শ্বের পার্থক্য হবে- (Accounting)
A). ৯০
B). ১৮০
C). ২৭০
D). ৩৬০
আপনার উত্তরঃ B). ১৮০,
সঠিক উত্তরঃ C). ২৭০,

17) যে ভুল রেওয়ামিলের মিলকরণে ব্যাঘাত ঘটায়, সেটা কোন ধরনের ভুল? (Accounting)
A). বাদ পড়ার ভুল
B). যোগ বিয়োগ ভুল
C). লেখার ভুল
D). নীতিগত ভুল
আপনার উত্তরঃ B). যোগ বিয়োগ ভুল,
সঠিক উত্তরঃ B). যোগ বিয়োগ ভুল,

18) চূড়ান্ত হিসাব তৈরীর পূর্বের সংশোধনী জাবেদার ক্ষেত্রে ব্যবহৃত হয় কোন হিসাব? (Accounting)
A). ভুল হিসাব
B). অনিশ্চিত হিসাব
C). মিশ্র হিসাব
D). সবগুলো
আপনার উত্তরঃ B). অনিশ্চিত হিসাব,
সঠিক উত্তরঃ B). অনিশ্চিত হিসাব,

19) কোন ধরণের ভুল রেওয়ামিলে প্রতিভাত হয় না? (Accounting)
A). পরিপূরক
B). হিসাবের জের টানার
C). হিসাবের যোগ করার
D). লেখার
আপনার উত্তরঃ C). হিসাবের যোগ করার,
সঠিক উত্তরঃ A). পরিপূরক,

20) বেতন হিসাবে প্রদত্ত টাকা ভুলক্রমে মজুরি হিসাবে লিপিবদ্ধ হয়েছে। সংশোধিত জাবেদা হবে (Accounting)
A). বেতন হিসাব ক্রে:
B). বেতন হিসাব ডেঃ
C). মজুরি হিসাব ডে:
D). নগদান হিসাব ডে:
আপনার উত্তরঃ B). বেতন হিসাব ডেঃ,
সঠিক উত্তরঃ B). বেতন হিসাব ডেঃ,

Business Squad

21) উদ্বৃত্তপত্র ছাড়াও আর একটি বিবরণী হতে আমরা কারবারের আর্থিক অবস্থা সম্পর্কে প্রাথমিক ধারণা পেতে পারি। সেটি হলো (Accounting)
A). আয় বিবরণী
B). রেওয়ামিল
C). নগদ বিবরণী
D). ব্যয় বিবরণী
আপনার উত্তরঃ A). আয় বিবরণী,
সঠিক উত্তরঃ B). রেওয়ামিল,

22) ব্যয়কে মুনাফা ও মূলধন জাতীয় হিসাবে ভাগ করা হয় কোনটি অনুসারে? (Accounting)
A). চলমান প্রতিষ্ঠান ধারণা
B). মিলকরণ নীতি
C). হিসাবকাল ধারণা
D). পূর্ণ প্রকাশ নীতি
আপনার উত্তরঃ A). চলমান প্রতিষ্ঠান ধারণা,
সঠিক উত্তরঃ A). চলমান প্রতিষ্ঠান ধারণা,

23) অতি কম মূল্যমানের সম্পত্তিকে মুনাফাজাতীয় ব্যয় বিবেচনা করা হয় কোন নীতির কারণে? (Accounting)
A). রক্ষণশীলতা
B). বস্তুনিষ্ঠতা
C). সময়কাল
D). দ্বৈত সত্তা
আপনার উত্তরঃ A). রক্ষণশীলতা,
সঠিক উত্তরঃ B). বস্তুনিষ্ঠতা,

24) একটি কোম্পানির উদ্বৃত্তপত্র প্রস্তুত কালে হিসাববিজ্ঞানের নিচের কোন ধারণাটি গণ্য করা হয় না? (Accounting)
A). রক্ষণশীলতার নীতি
B). সময়কাল নীতি
C). মিলকরণ নীতি
D). পূর্ণপ্রকাশ নীতি
আপনার উত্তরঃ D). পূর্ণপ্রকাশ নীতি,
সঠিক উত্তরঃ C). মিলকরণ নীতি,

25) সমাপনী জাবেদা এবং খতিয়ান করার পর কোন হিসাবের জের শূন্য হবে? (Accounting)
A). সাপ্লাইজ
B). অগ্রিম বীমা
C). পুঞ্জীভূত অবচয়□যন্ত্রপাতি
D). সেবা আয়
আপনার উত্তরঃ D). সেবা আয়,
সঠিক উত্তরঃ D). সেবা আয়,

Business Squad

Business Squad

26) সকল সম্পদ ডেবিট এবং সকল দায় ও মালিকানা ক্রেডিট হলে জাবেদাটির ধরন কীরূপ হবে? (Accounting)
A). প্রারম্ভিক জাবেদা
B). সমাপনী জাবেদা
C). সমন্বয়ী জাবেদা
D). স্থানান্তর জাবেদা
আপনার উত্তরঃ A). প্রারম্ভিক জাবেদা,
সঠিক উত্তরঃ A). প্রারম্ভিক জাবেদা,

27) বিপরীত দাখিলা কখন দেওয়া হয়? (Accounting)
A). হিসাবকালের শেষ তারিখে
B). আর্থিক বিবরণী তৈরির পূর্বে
C). সমন্বয় দাখিলার পরে
D). হিসাবকালের ১ম তারিখে
আপনার উত্তরঃ D). হিসাবকালের ১ম তারিখে,
সঠিক উত্তরঃ D). হিসাবকালের ১ম তারিখে,

28) কোন হিসাবের জন্য সমাপনী জাবেদা প্রস্তুত করা হয় না? (Accounting)
A). নামিক হিসাব
B). সম্পত্তিবাচক হিসাব
C). খরচ হিসাব
D). রাজস্ব হিসাব
আপনার উত্তরঃ B). সম্পত্তিবাচক হিসাব,
সঠিক উত্তরঃ B). সম্পত্তিবাচক হিসাব,

29) বকেয়া আয় লিপিবদ্ধ করার ফলে (Accounting)
A). আয় কমে, সম্পত্তি বাড়ে
B). আয় বাড়ে, সম্পত্তি বাড়ে
C). আয় কমে, দায় বাড়ে
D). আয় কমে, সম্পত্তি কমে
আপনার উত্তরঃ B). আয় বাড়ে, সম্পত্তি বাড়ে,
সঠিক উত্তরঃ B). আয় বাড়ে, সম্পত্তি বাড়ে,

30) মুনাফা অর্জিত হয়েছে, কিন্তু নগদে গ্রহণ করা হয় নি, তাকে বলে (Accounting)
A). সেবা আয়
B). অগ্রিম আয়
C). বকেয়া আয়
D). অনুপার্জিত আয়
আপনার উত্তরঃ D). অনুপার্জিত আয়,
সঠিক উত্তরঃ C). বকেয়া আয়,

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।

31) মুদ্রাস্ফীতিজনিত সমস্যা মোকাবিলায় কোন অবচয় পদ্ধতি জনপ্রিয়? (Accounting)
A). যান্ত্রিক ঘন্টা হার
B). প্রতিস্থাপন ব্যয়
C). অবচয় ভান্ডার
D). পুনঃমূল্যায়ন
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ B). প্রতিস্থাপন ব্যয়,

32) কোন বিষয়টি অবচয় ধার্যের ক্ষেত্রে বিবেচ্য নয়? (Accounting)
A). সম্পত্তি ব্যয়
B). অনুমিত আয়ুষ্কাল
C). নীট আদায় মূল্য
D). ভগ্নাবশেষ মূল্য
আপনার উত্তরঃ C). নীট আদায় মূল্য,
সঠিক উত্তরঃ C). নীট আদায় মূল্য,

33) একটি ব্যবসা প্রতিষ্ঠান ৩,২০,০০০ টাকা দিয়ে একটি যন্ত্র ক্রয় করেছে। ক্রমহ্রাসমান জের পদ্ধতি অনুযায়ী ২৫% হারে অবচয় ধার্য করতে হবে। ২ বছর শেষে অবশিষ্ট বই মূল্য কত হবে? (Accounting)
A). ১,৬০,০০০ টাকা
B). ২,৪০,০০০ টাকা
C). ১,৮০,০০০ টাকা
D). ১,৫০,০০০ টাকা
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ C). ১,৮০,০০০ টাকা,

34) একটি সম্পত্তির ক্রয়মূল্য ৫০০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা অনুমিত আয়ুষ্কাল ৫ বছর। বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতিতে তৃতীয় বছরের অবচয় কত? (Accounting)
A). ১৫০,০০০ টাকা
B). ১২০,০০০ টাকা
C). ৯০,০০০ টাকা
D). ৩০,০০০ টাকা
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ C). ৯০,০০০ টাকা,

35) সম্পত্তির ক্রয়মূল্য থেকে অবচয় সঞ্চিতি বাদ দিলে নিচের কোনটি পাওয়া যায়? (Accounting)
A). ঐতিহাসিক মূল্য
B). পুস্তকমূল্য
C). বর্তমান মূল্য
D). বাজার মূল্য
আপনার উত্তরঃ B). পুস্তকমূল্য,
সঠিক উত্তরঃ B). পুস্তকমূল্য,

Business Squad

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।

36) নিচের কোনটি অবচয়ের কারণ নয়? (Accounting)
A). সম্পদ স্থানান্তর
B). ব্যবহারজনিত ক্ষতি
C). দুর্ঘটনাজনিত ক্ষতি
D). অপ্রচলন
আপনার উত্তরঃ D). অপ্রচলন,
সঠিক উত্তরঃ A). সম্পদ স্থানান্তর,

37) ক্রয়মূল্যের ওপর মুনাফার হার ৬০% এবং মুনাফার পরিমাণ ৬০,০০০ টাকা হলে বিক্রয়মূল্য কত টাকা? (Accounting)
A). ১,৬০,০০০
B). ৩,০০,০০০
C). ৩,৬০,০০০
D). ৪,২০,০০০
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ A). ১,৬০,০০০,

38) শ্রমিকদের ক্ষতিপূরণ বাবদ বিচারধীন মামলা ১০,০০০ টাকা আর্থিক বিবরণীতে কীভাবে প্রদর্শন করা হবে? (Accounting)
A). চলতি হিসাবের দায়ের দিকে
B). দীর্ঘমেয়াদি দায়
C). সম্ভাব্য দায় হিসেবে
D). মধ্যমেয়াদী দায় হিসেবে
আপনার উত্তরঃ C). সম্ভাব্য দায় হিসেবে,
সঠিক উত্তরঃ C). সম্ভাব্য দায় হিসেবে,

39) কোনটি অস্পর্শনীয় সম্পত্তির উদাহরণ? (Accounting)
A). প্যাটেন্ট
B). সুনাম
C). ট্রেডমার্ক
D). সবগুলো
আপনার উত্তরঃ D). সবগুলো,
সঠিক উত্তরঃ D). সবগুলো,

40) বিক্রয় প্রতিনিধিকে কমিশন চার্জ করার পরবর্তী মুনাফার উপর ১০% হারে কমিশন দিতে হয়। নীট মুনাফা ২০,০০০ টাকা হলে প্রদত্ত কমিশন কত? (Accounting)
A). ১,৭৯৮ টাকা
B). ১,৮১৮ টাকা
C). ১,৯০০ টাকা
D). ২,০০০ টাকা
আপনার উত্তরঃ D). ২,০০০ টাকা,
সঠিক উত্তরঃ D). ২,০০০ টাকা,

Business Squad

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।

41) প্রারম্ভিক মজুদ মাল ৩০,০০০ টাকা, ক্রয় ১,২০,০০০ টাকা, বিক্রয় ১,০০,০০০ টাকা। বিক্রয়ের উপর ২০% লাভ হলে সমাপনী মজুদের পরিমাণ কত? (Accounting)
A). ১০,০০০ টাকা
B). ২০,০০০ টাকা
C). ৭০,০০০ টাকা
D). ৮০,০০০ টাকা
আপনার উত্তরঃ C). ৭০,০০০ টাকা,
সঠিক উত্তরঃ C). ৭০,০০০ টাকা,

42) কোনটি ক্ষয়িষ্ণু সম্পত্তির উদাহরণ? (Accounting)
A). সুনাম
B). আসবাবপত্র
C). মজুদপণ্য
D). কয়লা খনি
আপনার উত্তরঃ D). কয়লা খনি,
সঠিক উত্তরঃ D). কয়লা খনি,

43) প্রারম্ভিক মজুদ বেশী দেখানো হলে (Accounting)
A). সম্পত্তি
B). বিক্রিত পণ্যের ব্যয়
C). নীট আয়
D). মালিকানা স্বত্ব
আপনার উত্তরঃ B). বিক্রিত পণ্যের ব্যয়,
সঠিক উত্তরঃ B). বিক্রিত পণ্যের ব্যয়,

44) নিট মুনাফা ৪,৮০,০০০ টাকা এবং করের হার ৪০% হলে কর পূর্ব মুনাফা কত? (Accounting)
A). ১০,০০,০০০ টাকা
B). ৮,০০,০০০ টাকা
C). ৭,৫০,২০০ টাকা
D). ৮,৮৮,৯০৩ টাকা
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ B). ৮,০০,০০০ টাকা,

45) প্রারম্ভিক মজুদ ৫০,০০০ টাকা, ক্রয় ১৭,৫০০ টাকা আন্তঃপরিবহন ১৫,০০০ টাকা ও বিক্রয় ৩০,০০০ টাকা। ক্রয়ের উপর ২৫% মুনাফা হলে সমাপনী মজুতের পরিমাণ কত? (Accounting)
A). ৩,৫০০ টাকা
B). ৩৫,০০০ টাকা
C). ১৫,০০০ টাকা
D). কোনোটিই নয়
আপনার উত্তরঃ D). কোনোটিই নয়,
সঠিক উত্তরঃ D). কোনোটিই নয়,

Business Squad

46) করোলা কোম্পানির ৩১,৫০০ টাকা চলতি মূলধন রয়েছে এবং চলতি অনুপাত ৫:২। করোলার চলতি দায়ের পরিমাণ কত? (Accounting)
A). ১২,৬০০ টাকা
B). ৩১,৫০০ টাকা
C). ২১,০০০ টাকা
D). ৭৮,৭৫০ টাকা
আপনার উত্তরঃ C). ২১,০০০ টাকা,
সঠিক উত্তরঃ C). ২১,০০০ টাকা,

47) মোট বিক্রয় ২,৮০,০০০ টাকা, মোট লাভ ২৫%। গড় মজুদ ৭০,০০০ টাকা, মজুদ আবর্তন অনুপাত কত? (Accounting)
A). ৩.০০
B). ৬.৪০
C). ৮.২০
D). ৭০০
আপনার উত্তরঃ A). ৩.০০,
সঠিক উত্তরঃ A). ৩.০০,

48) অন্য সবকিছু অপরিবর্তিত থাকলে, নিচের লেনদেনটি চলতি অনুপাতের ওপর কোন প্রভাব ফেলবে না? (Accounting)
A). স্বল্পমেয়াদি ঋণ
B). বিবিধ দেনাদার হতে নগদ আদায়
C). বিবিধ পাওনাদারকে নগদ প্রদান
D). নগদে স্থায়ী সম্পত্তি বিক্রয়
আপনার উত্তরঃ D). নগদে স্থায়ী সম্পত্তি বিক্রয়,
সঠিক উত্তরঃ B). বিবিধ দেনাদার হতে নগদ আদায়,

49) মুনাফা যোগ্যতা নিরূপণে কোন অনুপাত বিবেচিত হয় না? (Accounting)
A). মুনাফা মার্জিন
B). সম্পত্তির উপর উপার্জন হার
C). ইক্যুইটির উপর উপার্জন হার
D). দায়মূলধন অনুপাত
আপনার উত্তরঃ D). দায়মূলধন অনুপাত,
সঠিক উত্তরঃ D). দায়মূলধন অনুপাত,

50) অনুপার্জিত আয়ের সমন্বয় করা হলে (Accounting)
A). দায় কম দেখাবে
B). দায় বেশি দেখাবে
C). সম্পত্তি কম দেখাবে
D). নীট মুনাফা কম দেখাবে
আপনার উত্তরঃ B). দায় বেশি দেখাবে,
সঠিক উত্তরঃ A). দায় কম দেখাবে,

Business Squad